

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটি সভার কার্য বিবরণী

সভাপতি : এলিজা খান
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
তারিখ : ০৬/০২/২২
সময় : সকাল ১০.০০ ঘটিকা।


সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" এ দেখানো হলো।

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সভাপতি এলিজা খান উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে/দায়িত্ব
০১	গত সভার রেজুলেশন পাঠ ও অনুমোদন	সভায় গত সভার রেজুলেশন পাঠ করে শুনানো হয়। কোন কিছু সংযোজন বা বিয়োজন করার প্রয়োজন নেই।	কোন সংযোজন ও বিয়োজন না থাকায় গত সভার রেজুলেশন সর্বসম্মতি ভাবে অনুমোদন করা হয়।	
০২	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটিতে প্রেরণ।	সভায় উপজেলা মহিলা বিষয়ক অফিসার জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় বিভিন্ন ধরণের সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প বাস্তবায়ন করা হবে। (১) বেকার যুব মহিলাদের ব্লক বাটিক প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন। প্রশিক্ষণের মাধ্যমে যুব মহিলাদের দক্ষ করে গড়ে তুলতে পারলে পারিবারিক পর্যায়ে আয় বাড়বে, বেকার সমস্যা কমে আসবে এবং সেই সাথে নারীর ক্ষমতায়ন নিশ্চিত হবে। সভায় আরো আলোচনা করা হয় যে, (২) বিভিন্ন বিভাগের কর্মকর্তা ও অফিস সহকারীদের জন্য ই-নথি ও ওয়েবপোর্টাল বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। প্রশিক্ষণটি আয়োজন করা সম্ভব হলে অফিস পরিচালনা ও সেবা প্রদানের ক্ষেত্রে গতিশীলতা বৃদ্ধি পাবে।	সভায় উপ-প্রকল্প সমূহ অগ্রাধিকার ভিত্তিতে অনুমোদনের জন্য উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার ও সহকারী প্রোগ্রামার (এপি) কে দায়িত্ব প্রদান করা হয়।
০৩	বিভাগের চলমান কার্যক্রম প্রসঙ্গে।	সভায় জানানো হয় যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম যথাযথ ও সুন্দর ভাবে চলমান আছে। সর্বসাধারণ নিয়মিত ভাবে সেবা	বিভাগীয় কার্যক্রম আরো সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালনার	সংশ্লিষ্ট বিভাগের প্রধানগণ।

	গ্রহন করছে।	জন্য উপস্থিত সকলেই অনুরোধ জানান।	
--	-------------	--	--

সভায় অন্যকোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।


(এলিজা খান)

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।


স্মারক নং:

তারিখ:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ।

(রুবিনা বেগম)







উপজেলা মহিলা বিষয়ক অফিসার
ও সদস্য সচিব
মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটি
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটি সভায় সদস্যগণের উপস্থিতির তালিকা

তারিখ: ০৬/০২/২২

ক্রমিক নং	সদস্যগণের নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর	মন্তব্য
০১	জনাব এলিজা খান মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	সভাপতি		
০২	জনাব মো: লিয়াকত আলী ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	সদস্য		
০৩	জনাব মো: লুৎফর রহমান চেয়ারম্যান, সোনাতনী ইউপি	সদস্য		
০৪	জনাব মো: জিয়াউল আলম (বুনা) চেয়ারম্যান, কায়েমপুর ইউপি	সদস্য		
০৫	জনাব মো: লুৎফর রহমান চেয়ারম্যান, ইউসিসিএ লিঃ	সদস্য		
০৬	জনাব রুবিনা বেগম উপজেলা মহিলা বিষয়ক অফিসার, শাহজাদপুর	সদস্য সচিব		

R